Time Taken

00:00

Mark Gained

1.ফিরে যাই, ফিরে আসি -কার আত্মজীবনী?

a. বেগম সুফিয়া কামাল

b. শামসুর রাহমান

c. হাসান আজিজুল হক

d. ড. মুহম্মদ শহীদুল্লাহ

Explanation:
উত্তর: হাসান আজিজুল হক।

2.'বাগদাদের কবি' নাটকটি লিখেছেন-

a. শওকত ওসমান

b. হুমায়ূন আহমেদ

c. মুনীর চৌধুরী

d. সেলিম আল দীন

Explanation:
উত্তর: 'বাগদাদের কবি' নাটকটি লিখেছেন শওকত ওসমান।

3.'তাতারী' কোন উপন্যাসের চরিত্র?

a. ক্রীতদাসের হাসি

b. দুধভাতে উৎপাত

c. চাঁদের অমাবস্যা

d. নিষিদ্ধ লোবান

Explanation:
উত্তর: ক্রীতদাসের হাসি।

ব্যাখ্যা:
- শওকত ওসমান রচিত রূপকধর্মী/প্রতীকাশ্রয়ী উপন্যাস ক্রীতদাসের হাসি। এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র: তাতারী।

অন্যদিকে,
দুধভাতে উৎপাত- আখতারুজ্জামান ইলিয়াস

চাঁদের অমাবস্যা- সৈয়দ ওয়ালীউল্লাহ

নিষিদ্ধ লোবান- সৈয়দ শামসুল হক

4.'অদ্ভুত আঁধার এক' উপন্যাসের লেখক কে?

a. আল মাহমুদ

b. আবুল হাসান

c. সুফিয়া কামাল

d. শামসুর রাহমান

Explanation:
উত্তর: শামসুর রাহমান।

ব্যাখ্যা:
- শামসুর রাহমান ১৯২৯ সালের ২৩ অক্টোবর ঢাকার মাহুতটুলীতে জন্মগ্রহণ করেন।

- তার প্রথম কবিতা 'উনিশশো ঊনপঞ্চাশ' প্রকাশিত (১৯৪৮) হয় সাপ্তাহিক সোনার বাংলা পত্রিকায়।

শামসুর রাহমান রচিত উপন্যাস
- অক্টোপাস
- অদ্ভুত আঁধার এক
- নিয়ত মন্তাজ
- এলো সে অবেলায়

5.কে ‘আমলার মামলা' নাটকটি লিখেছেন?

a. শওকত ওসমান

b. হুমায়ূন আহমেদ

c. মুনীর চৌধুরী

d. সেলিম আল দীন

Explanation:
উত্তর: শওকত ওসমান।

ব্যাখ্যা:
- শওকত ওসমান রচিত উপন্যাস: বনি আদম, জননী, ক্রীতদাসের হাসি (প্রতীকাশ্রয়ী), সমাগম (প্রতীকাশ্রয়ী), চৌরসন্ধি (প্রতীকাশ্রয়ী), আর্তনাদ, রাজপুরুষ।

- মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত: জাহান্নম থেকে বিদায়, দুই সৈনিক, নেকড়ে অরণ্য, জলাঙ্গী।

- গল্পগ্রন্থ: পিঁজ্রাপোল, প্রস্তর ফলক, নেত্রপথ, জন্ম যদি তব বঙ্গে, মনিব ও তাহার কুকুর, পুরাতন খঞ্জর, ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী।

- নাটক: আমলার মামলা, কাঁকর মনি, বাগদাদের কবি, তস্কর লস্কর, জন্ম জন্মান্তর।

6.'আসাদের শার্ট' কবিতার লেখক কে?

a. আল মাহমুদ

b. আব্দুল মান্নান সৈয়দ

c. অমিয় চক্রবর্তী

d. শামসুর রাহমান

Explanation:
উত্তর: শামসুর রাহমান।

ব্যাখ্যা:
- আসাদের শার্ট : ১৯৬৯ সালে ২০ জানুয়ারি গুলিস্তানে একটি মিছিলের সামনে লাঠিতে আসাদের রক্তমাখা শার্ট দিয়ে বানানো পতাকা দেখে শামসুর রাহমান কবিতাটি লেখেন।

7.'আবু শরিয়া' কার ছদ্মনাম?

a. আল মাহমুদ

b. শামসুর রাহমান

c. সৈয়দ ওয়ালীউল্লাহ

d. হুমায়ুন আজাদ

Explanation:
উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ।

8.শওকত ওসমান 'ক্রীতদাসের হাসি'র জন্য কোন পুরস্কার লাভ করেন?

a. আনন্দ পুরস্কার

b. বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার

c. স্বাধীনতা পুরস্কার

d. আদমজী সাহিত্য পুরস্কার

Explanation:
উত্তর: আদমজী সাহিত্য পুরস্কার।

9.'রাঢ়বঙ্গের গল্প'- কার গল্পগ্রন্থ?

a. বুদ্ধদেব বসু

b. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

c. উদ্দীন আল আজাদ

d. হাসান আজিজুল হক

Explanation:
উত্তর: হাসান আজিজুল হক।

10.'আক্কাস' বিখ্যাত উপন্যাসের চরিত্র?

a. দেনা পাওনা

b. লালসালু

c. দত্তা

d. যোগাযোগ

Explanation:
উত্তর: 'আক্কাস' চরিত্রটি 'লালসালু' উপন্যাসের।

11.'চাঁদের অমাবস্যা' উপন্যাসের স্কুল মাস্টার চরিত্রের নাম কী?

a. ক) আরেফ আলী

b. খ) সুরজিত নন্দী

c. গ) আবদুল কাদের

d. ঘ) জগৎ সিংহ

Explanation:
উত্তর: আরেফ আলী।
ব্যাখ্যা:
- সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত বিখ্যাত উপন্যাস 'চাঁদের অমাবস্যা'।

- উপন্যাসে আরেফ আলী নামের এক স্কুল মাস্টারকে অবলম্বন করে মানুষের অন্তর্জীবনের জটিলতা উল্লেখ প্রসঙ্গে সামন্ত সমাজ প্রভাবিত গ্রামীণ জীবনের নানা অসঙ্গতি তলে ধরেছেন।

- সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত অন্যান্য উপন্যাস: লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, দি আগলি এশিয়ান ইত্যাদি।

আবার, 'নেমেসিস' নাটকটিতে স্কুল মাস্টার চরিত্রের নাম- সুরজিত নন্দী।

12.‘নয়নচারা' গল্পটি কার রচনা?

a. আবু ইসহাক

b. মাহবুবুল আলম

c. সৈয়দ ওয়ালীউল্লাহ

d. মানিক বন্দ্যোপাধ্যায়

Explanation:
উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ।

ব্যাখ্যা:
- সৈয়দ ওয়ালীউল্লাহ চট্টগ্রামের ষোলশহরে জন্মগ্রহণ করেন।

- তার আদি নিবাস নোয়াখালী।

- তিনি ‘কনটেম্পোরারি’ নামে একটি ইংরেজি পত্রিকা প্রকাশ করেন। - ছাত্রাবস্থায়ই প্রথম গল্পগ্রন্থ নয়নচারা প্রকাশিত হয়।

- উপন্যাস: লালসালু, চাঁদের অমাবস্যা, দি আগলি এশিয়ান, কাঁদো নদী কাঁদো, How does cook beans (ব্যঙ্গাত্মক রচনা)।

- ছোটগল্প: নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প, গল্প সমগ্র।

- নাটক: বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানের মৃত্যু।

13.'রাজলক্ষ্মী' চরিত্রের স্রষ্টা কোন ঔপন্যাসিক?

a. বঙ্কিমচন্দ্র

b. শরৎচন্দ্র

c. তারাশংকর

d. নজরুল ইসলাম

Explanation:
উত্তর: শরৎচন্দ্র।

ব্যাখ্যা:
- শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ছিলেন একজন বাঙালি লেখক, ঔপন্যাসিক, ও গল্পকার।

- অপ্রতিদ্বন্দ্বী জনপ্রিয়তার দরুন তিনি 'অপরাজেয় কথাশিল্পী' নামে খ্যাত।

- শরৎচন্দ্র রচিত বিখ্যাত উপন্যাস: বড়দিদি, পল্লীসমাজ, দেবদাস, চরিত্রহীন, শ্রীকান্ত, দত্তা, গৃহদাহ, পথের দাবী, পরিণীতা, শেষ প্রশ্ন।

- শরৎচন্দ্রের আত্মজৈবনীমূলক উপন্যাস শ্রীকান্ত।

- শ্রীকান্ত এর একটি শক্তিশালী চরিত্র 'রাজলক্ষ্মী '।

14.'আগুনের শেষ, ঋণের শেষ আর শত্রুর শেষ কখনো রাখিসনে মা।' উক্তিটি__

a. শেষের কবিতা উপন্যাসের

b. পথের দাবী উপন্যাসের

c. পল্লী সমাজ উপন্যাসের

d. সত্যমিথ্যা উপন্যাসের

Explanation:
উত্তর: 'পল্লী সমাজ' উপন্যাসের।

ব্যাখ্যা:
শরৎচন্দ্র চট্টোপাধ্যায় প্রকাশিত উপন্যাস:
- বড়দিদি (প্রথম উপন্যাস)
- পরিণীতা
- বিরাজ বৌ
- পল্লী সমাজ
- বৈকুণ্ঠের উইল
- দেবদাস
- চরিত্রহীন
- শ্রীকান্ত (আত্মজৈবনিক উপন্যাস)
- দত্তা
- গৃহদাহ
- দেনা-পাওনা
- পথের দাবী

15.'দেনাপাওনা' উপন্যাসের রচয়িতা কে?

a. ক) রবীন্দ্রনাথ ঠাকুর

b. খ) কাজী নজরুল ইসলাম

c. গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

d. ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Explanation:
উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

ব্যাখ্যা:
- 'দেনাপাওনা' উপন্যাসের রচয়িতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

- কাহিনির নায়ক জীবনানন্দ।

- এই উপন্যাস 'ষোড়শী' নামে নাট্যায়িত হয়।

উল্লেখ্য, 'দেনাপাওনা' ছোটগল্পের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর'।

16.‘তেল নুন লকড়ি’ কার রচিত গ্রন্থ?

a. আখতারুজ্জামান আজাদ

b. এম আর আখতার মুকুল

c. প্রমথ চৌধুরী

d. শওকত ওসমান

Explanation:
উত্তর: প্রমথ চৌধুরী।

ব্যাখ্যা:

- তার প্রথম প্রবন্ধ 'জয়দেব' প্রকাশিত হয় 'সাধনা' পত্রিকায়।

- তাঁর চলিত রীতির প্রথম গদ্য রচনা 'বীরবলের হালখাতা' ভারতী পত্রিকায় ১৯০২ সালে প্রকাশিত হয়।

প্রমথ চৌধুরী রচিত প্রবন্ধ-গ্রন্থ:
- তেল-নুন-লকড়ি
- বীরবলের হালখাতা তার শ্রেষ্ঠ প্রবন্ধগ্রন্থ। - নানাকথা
- আমাদের শিক্ষা
- রায়তের কথা
- নানাচর্চা
- আত্মকথা
- প্রবন্ধ সংগ্রহ

- উল্লেখযোগ্য প্রবন্ধ: 'যৌবনে দাও রাজটীকা', 'বই পড়া', 'সাহিত্যে খেলা'।

## 17.‘বিহারীলালের সাধের আসন' কোন কাব্যের পরিশিষ্ট?

a. স্বপ্নদর্শন

b. নিসর্গ সন্দর্শন

c. বঙ্গসুন্দরী

d. সারদামঙ্গল

Explanation:
উত্তর: সারদামঙ্গল।

ব্যাখ্যা:
- "সারদামঙ্গল" কাব্যে যেসব পাশ্চাত্য কবির প্রভাব পড়েছে, তারা হলেন শেক্সপিয়র , বায়রন ও শেলী ।

- এই কাব্য রচনা করেছেন বিহারীলাল চক্রবর্তী। এই কাব্য তার অন্য একটি 'সাধের আসন' এর পরিশিষ্ট।

অন্যদিকে, - "স্বপ্নদর্শন" কাব্য তাঁর প্রথম রচনা। একটি গদ্য গ্রন্থ।

- "বঙ্গসুন্দরী" তাঁর প্রথম সার্থক গীতিকাব্য। কবি এই কাব্যে বঙ্গ নারীর বন্দনা করেছেন।

- "নিসর্গ সন্দর্শন" কাব্যটি ধারাবাহিক ভাবে "অবোধবন্ধু" পত্রিকায় প্রকাশিত হয়।

18.‘অভেদী’ উপন্যাসের লেখক কে?

a. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

b. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

c. প্যারীচাঁদ মিত্র

d. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Explanation:
উত্তর: প্যারীচাঁদ মিত্র।

ব্যাখ্যা:
- বাংলা সাহিত্যের প্রথম ঔপন্যাসিক প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম ছিল 'টেকচাঁদ ঠাকুর'। প্যারীচাঁদ মিত্র রচিত উপন্যাস:
- আলালের ঘরে দুলাল (এজন্য তাকে বাংলা উপন্যাস রচনার পথিকৃত বলা হয়)।

- অভেদী।

- আধ্যাত্মিকা।

19.‘কালের যাত্রা' নাটকটি কাকে উৎসর্গ করা হয়?

a. অমৃতলাল বসুকে

b. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে

c. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে

d. মনোমোহন বসুকে

Explanation:
উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে।

ব্যাখ্যা:
- "কালের যাত্রা" নাটকটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

অন্যদিকে, - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কে উৎসর্গ করা হয়েছে "নবীনতপস্বিনী" নাটক। নাটকটির রচয়িতা দীনবন্ধু মিত্র।

20.শরৎচন্দ্র সৃষ্ট 'অভয়া' চরিত্রটি কোন উপন্যাসের?

a. গৃহদাহ

b. শ্রীকান্ত

c. শেষ প্রশ্ন

d. শেষের পরিচয়

Explanation:
উত্তর: শ্রীকান্ত।

ব্যাখ্যা:
- শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত শ্রীকান্ত উপন্যাসের চরিত্র: শ্রীকান্ত, অভয়া, রাজলক্ষ্মী, ইন্দ্রনাথ, অন্নদা দিদি।

21.'সাহিত্যে খেলা' প্রবন্ধের 'রোঁদ্যা' কী?

a. এক ব্যক্তির নাম

b. রেস্টুরেন্টের নাম

c. জায়গায় নাম

d. পাহাড়ের নাম

Explanation:
উত্তর: এক ব্যক্তির নাম।

ব্যাখ্যা:
- “সাহিত্যে খেলা” প্রবন্ধটি প্রমথ চৌধুরীর সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে লিখিত একটি অনবদ্য রচনা।

- রোদ্যাঁ ফরাসি ভাস্কর। অর্থাৎ এক ব্যক্তির নাম। পুরো নাম- ফ্র্যাঁসোয়া অগুস্ত রোদ্যাঁ।

- প্রমথ চৌধুরীর উল্লেখযোগ্য প্রবন্ধ: যৌবনে দাও রাজটীকা, বই পড়া, সাহিত্যে খেলা।

22.'আধ্যাত্মিকা' কার রচিত?

a. সুফিয়া কামাল

b. মাইকেল মধুসূদন দত্ত

c. প্যারীচাঁদ মিত্র

d. ডিরোজিও

Explanation:
উত্তর: প্যারীচাঁদ মিত্র।

ব্যাখ্যা:
প্যারীচাঁদ মিত্র রচিত উপন্যাস:
• আলালের ঘরের দুলাল
- তাঁর রচিত শ্রেষ্ঠ ও বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস ‘আলালের ঘরের দুলাল'। - এই উপন্যাসের বিখ্যাত চরিত্র: ঠকচাচা, মতিলাল, রামলাল ।

• অভেদী:
- এটি রূপক উপন্যাসের পর্যায়ভুক্ত। - উপন্যাসের নায়ক নায়িকা আত্মাবিষয়ক জ্ঞানান্বেষণে ব্যাপৃত; নানা দুঃখ বেদনার মধ্য দিয়ে তাঁদের পরমার্থলাভ বর্ণিত বিষয়বস্তু ।

• আধ্যাত্মিকা: - উপন্যাস নয়, আধ্যাত্মিক উপন্যাস শ্রেণিভুক্ত। - নারীকল্যাণের মহৎ উদ্দেশ্যেই এই উপন্যাসটি রচিত হয়েছে।

23.'বাঙালি ও বাঙলা সাহিত্য' গ্রন্থের রচয়িতা কে?

a. মুহম্মদ শহীদুল্লাহ

b. আবদুল হাই

c. সৈয়দ আলী আহসান

d. আহমদ শরীফ

Explanation:
উত্তর: আহমদ শরীফ।

ব্যাখ্যা:
- আহমদ শরীফের প্রবন্ধ গ্রন্থ: বিচিত চিন্তা, সাহিত্য সংস্কৃতি চিন্তা, সংস্কৃতি, স্বদেশ অন্বেষা, মানবতা ও গণমুক্তি, প্রত্যয় ও প্রত্যাশা, বিশ শতকের বাঙালি, বাংলার বিপ্লবী পটভূমি, বাঙালি ও বাঙালা সাহিত্য ইত্যাদি।

24.'কবি অথবা দণ্ডিত পুরুষ'- গ্রন্থটি কার লেখা?

a. শওকত ওসমান

b. হুমায়ুন আজাদ

c. শহীদুল জহির

d. শওকত আলী

Explanation: উত্তর: হুমায়ুন আজাদ।

25.'ষোল নয়, আমার মাতৃভাষার ষোলশত রূপ'-কে বলেছেন?

a. মোশাররফ হোসেন

b. ড. মুহম্মদ শহীদুল্লাহ

c. মুনীর চৌধুরী

d. ড. আহমদ শরীফ

Explanation:
উত্তর: মুনীর চৌধুরী।

26.'অনেক আকাশ' কাব্যগ্রন্থের রচয়িতা -

a. ক) সাঈদ আহমদ

b. খ) সৈয়দ শামসুল হক

c. গ) সৈয়দ আলী আহসান

d. ঘ) হরপ্রসাদ শাস্ত্রী

Explanation:
উত্তর: 'অনেক আকাশ' কাব্যগ্রন্থের রচয়িতা - সৈয়দ আলী আহসান। - ১৯২২ সালের ২৬শে মার্চ যশোরের কাদিয়া নামাক স্থানে জন্মগ্রহণ করেন। - তাঁর কবিতার ভাববস্তুতে আছে ঐতিহ্য, সচেতনতা, সৌন্দর্যবোধ ও দেশপ্রীতি
- তাঁর রচিত কাব্যগ্রন্থসমূহ: অনেক আকাশ, একক সন্ধ্যায় বসন্ত, সহসা সচকিত, আমার প্রতিদিনের শব্দ, সমুদ্রেই যাবো।

27.'মানুষের মানচিত্র'- কাব্যগ্রন্থের রচয়িতা -

a. ক) শওকত আলী

b. খ) শওকত ওসমান

c. গ) রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

d. ঘ) শহীদুল্লাহ কায়সার

Explanation:
উত্তর: 'মানুষের মানচিত্র' কাব্যগ্রন্থের রচয়িতা রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ।

28.'মেথর' - কবিতার কবি কে?

a. ক) সত্যেন সেন

b. খ) সত্যেন্দ্রনাথ দত্ত

c. গ) সমর সেন

d. ঘ) হরপ্রসাদ শাস্ত্রী

Explanation:
উত্তর: সত্যেন্দ্রনাথ দত্ত। - সত্যেন্দ্রনাথ দত্ত ১৮৮২ সালে কলকাতার নিমতাগ্রামে জন্মগ্রহণ করেন। - 'ছন্দের রাজা' ও 'ছন্দের জাদুকর' হিসেবে তিনি খ্যাত ছিলেন। - তাঁর বহু আলোচিতা কবিতা - 'মেথর'। তাঁর রচিত বিখ্যাত কাব্যগুলো: সবিতা, সন্ধিক্ষণ, বেণু ও বীণা, কুহু ও কেকা, অভ্র আবীর, হসন্তিকা, বেলা শেষের গান।।

29.'ফিরোজা বেগম' - উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) সৈয়দ মুজতবা আলী

b. খ) সৈয়দ শামসুল হক

c. গ) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী

d. ঘ) সৈয়দ ওয়ালীউল্লাহ্

Explanation:
উত্তর: 'ফিরোজা বেগম' উপন্যাসটির রচয়িতা সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী। সৈয়দ ইসমাইল হোসেন সিরাজীর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: অনল প্রবাহ, উচ্ছ্বাস, উদ্বোধন, স্পেনবিজয় কাব্য।

উপন্যাস:- তারা-বাঈ, রায়নন্দিনী, ফিরোজা বেগম।

ভ্রমন কাহিনি: তুরস্ক ভ্রমণ।

30.শওকত ওসমান রচিত 'তস্কর ও লস্কর' একটি -

a. ক) উপন্যাস

b. খ) নাটক

c. গ) গল্প

d. ঘ) শিশুতোষ

Explanation:
উত্তর: 'তস্কর ও লস্কর' শওকত ওসমান রচিত নাটক। - শওকত ওসমান ১৯১৭ সালের ২রা জানুয়ারি হুগলি তে জন্মগ্রহণ করেন। - তাঁর প্রকৃত নাম শেখ আজিজুর রহমান। - তাঁর প্রকাশিত অন্যান্য নাটক: আমলার আমলা, তস্কর ও লস্কর, বাগদাদের কবি।

31.সৈয়দ মুজতবা আলী রচিত 'ময়ূরকণ্ঠী' একটি -

a. ক) উপন্যাস

b. খ) রম্যরচনা

c. গ) ছোটগল্প

d. ঘ) ভ্রমণকাহিনী

Explanation:
উত্তর: 'ময়ূরকণ্ঠী' সৈয়দ মুজতবা আলী রচিত একটি রম্য রচনা।

32.‘হিসাবনিকাশ’ উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) শওকত আলী

b. খ) শওকত ওসমান

c. গ) সৈয়দ ওয়ালীউল্লাহ্

d. ঘ) সৈয়দ মুজতবা আলী

Explanation:
উত্তর: ‘হিসাবনিকাশ’ উপন্যাসটির রচয়িতা শওকত আলী। তাঁর রচিত গল্প সমূহ: লেলিহান স্বাদ, শুন হে লক্ষিন্দর, উন্মুল বাসনা। তাঁর উপন্যাস সমূহ: যাত্রা, পিঙ্গল আকাশ, প্রদোষে প্রাকৃতজন, দক্ষিণায়নের দিন, হিসাবনিকাশ।

33.'একালের পান্তাবুড়ি' - সেলিনা হোসেন এর কী জাতীয় রচনা?

a. ক) গল্প

b. খ) প্রবন্ধ

c. গ) উপন্যাস

d. ঘ) কবিতা

Explanation:
উত্তর: 'একালের পান্তাবুড়ি' সেলিনা হোসেন এর গল্পগ্রন্থ। - কথাশিল্পী সেলিনা হোসেন ১৯৪৭ সালের ১৪ই জুন রাজশাহিতে জন্মগ্রহণ করেন। - তাঁর উপন্যাসের মূলবিষয় অবরুদ্ধ সয়ামাজে মুক্তচিন্তা ও মানুষের মুক্তির আকুতিকথা। উপন্যাস : জলোচ্ছ্বাস, হাঙর নদী গ্রেনেড, মগ্ন চৈতন্যে শিস, যাপিত জীবন, নীল ময়ূরের যৌবন, পোকামাকড়ের ঘরবসতি, নিরন্তর ঘণ্টাধ্বনি।

34.'মহাকবি আলাওল' -নাটকটি রচনা করেন কে?

a. ক) সানাউল হক

b. খ) সিকান্দার আবু জাফর

c. গ) সুকান্ত ভট্টাচার্য

d. ঘ) সিরাজুল ইসলাম চৌধুরী

Explanation:
উত্তর: 'মহাকবি আলাওল' নাটকটি রচনা করেন - 'সিকান্‌দার আবু জাফর'। - 'সিকান্‌দার আবু জাফর' তিনি ১৯১৯ সালে তেঁতুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।
তাঁর রচিত অন্যান্য নাটক: শকুন্ত উপাখ্যান, সিরাজউদ্দৌলা, মহাকবি আলাওল।

35.'এ নেটিভ' কার ছদ্মনাম?

a. ক) মধুসূদন দত্ত

b. খ) প্যারিচাঁদ মিত্র

c. গ) মধুসূদন মজুমদার

d. ঘ) বিহারীলাল চক্রবর্তী

Explanation:
উত্তর: মাইকেল মধুসূদন দত্তের ছদ্মনাম এ নেটিভ। অন্যদিকে,
• মধুসূদন মজুমদারের ছদ্মনাম ছিলো- দৃষ্টিহীন। • আবার, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের ছদ্মনামও ছিলো- দৃষ্টিহীন। • প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম- টেকচাঁদ ঠাকুর। • বিহারীলাল চক্রবর্তীর উপাধি- ভোরের পাখি।

36."সুবচনী" ছদ্মনামে সাহিত্য চর্চা করতেন -

a. ক) মধুসূদন মজুমদার

b. খ) বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়

c. গ) সুভাষ মুখোপাধ্যায়

d. ঘ) সতীনাথ ভাদুড়ী

Explanation:
উত্তর: সুভাষ মুখোপাধ্যায়। অন্যদিকে,
- বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় - যাযাবর। - সতীনাথ ভাদুড়ী - চিত্রগুপ্ত। - মধুসূদন মজুমদার - দৃষ্টিহীন।

37.'ধারাবাহিক' প্রবন্ধগ্রন্থের লেখক কে?

a. ক) জীবনানন্দ দাশ

b. খ) হুমায়ুন কবির

c. গ) জসীম উদ্দীন

d. ঘ) দাউদ হায়দার

Explanation:
উত্তর: হুমায়ুন কবির। - হুমায়ুন ছিলেন লেখক ও রাজনীতিবীদ। - নদী ও নারী' তার রচিত উপন্যাস। - তাঁর রচিত কাব্য: অষ্টাদশী, স্বপ্নসাধ, সাথী। - তাঁর রচিত প্রবন্ধ: মার্কসবাদ, ধারাবাহিক।

38.'ভাষা ও সাহিত্য' গ্রন্থটি কার রচনা?

a. ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

b. খ) মুহম্মদ শহীদুল্লাহ

c. গ) মানিক বন্দ্যোপাধ্যায়

d. ঘ) মুনীর চৌধুরী

Explanation:
উত্তর: 'ভাষা ও সাহিত্য' গবেষণা কর্মটি রচনা করেন মুহম্মদ শহীদুল্লাহ। - মুহম্মদ শহীদুল্লাহ বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতির সম্পাদক (১৯১১) ছিলেন। - তাঁর সম্পাদিত 'আঞ্চলিক ভাষার অভিধান' এক বিশেষ কীর্তি। - তাঁর রচিত গবেষণা গ্রন্থ: সিদ্ধা কাহ্নপার গীত ও দোহা, বাংলা সাহিত্যের কথা, বৌদ্ধ মর্মবাদী গান, বাংলা ব্যাকরণ, ভাষা ও সাহিত্য, বাংলা ভাষার ইতিবৃত্ত। - তাঁর সম্পাদিত পত্রিকা: আঙুর, দি পীস, বঙ্গভূমি, তকবীর।

39.'চিরায়ত সাহিত্য' গ্রন্থটির রচয়িতা কে?

a. ক) সুফিয়া কামাল

b. খ) নীলিমা ইব্রাহিম

c. গ) জাহানারা ইমাম

d. ঘ) সেলিনা হোসেন

Explanation:
উত্তর: 'চিরায়ত সাহিত্য' গ্রন্থটির রচয়িতা জাহানারা ইমাম।। - তিনি শহীদ জননী হিসেবে খ্যাত। - মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও ঘাতক-দালাল নির্মূল কমিটির আহবায়করূপে তিনি ব্যাপক পরিচিতি লাভ করেন। - তাঁর সর্বাধিক খ্যাতির কারণ দিনপঞ্জিরূপে লেখা তাঁর অনবদ্য গ্রন্থ 'একাত্তরের দিনগুলি'। তাঁর রচিত উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো: অন্য জীবন, বীরশ্রেষ্ঠ, জীবন মৃত্যু, বুকের ভিতরে আগুন, নাটকের অবসান, দুই মেরু, নিঃসঙ্গ পাইন, নয় এ মধুর খেলা, ক্যানসারের সঙ্গে বসবাস ও প্রবাসের দিনলিপি।

40.'হরগজ' নাটকের নাট্যকার কে?

a. ক) সৈয়দ শামসুল হক

b. খ) আলাউদ্দিন আল আজাদ

c. গ) আবদুল্লাহ আল মামুন

d. ঘ) সেলিম আল দীন

Explanation:
উত্তর: 'হরগজ' নাটকটির রচয়িতা- সেলিম আল দীন।
- টর্নেডো-পরবর্তী সর্বপ্রথম উদ্ধারপর্বে একটি ত্রাণের দলের দেখা প্রকৃতিও প্রাণিজগতের নানান স্তরে ছিঁড়েখুঁড়ে ফেলার অভূতপূর্ব চিহ্ন এ নাটকের উপজীব্য । - তাঁর উল্লেখযোগ্য নাটকসমূহ: জন্ডিস ও বিবিধ বেলুন, সংবাদ কার্টুন, শকুন্তলা, কীত্তনখোলা, কেরামতমঙ্গল, যৈবতী কন্যার মন, চাকা, হরগজ, প্রাচ্য, হাতহদাই, নিমজ্জন প্রভৃতি।

41.‘ঢেউ’ - গল্পগ্রন্থটি কার রচনা?

a. ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

b. খ) শওকত ওসমান

c. গ) শামসুদ্দীন আবুল কালাম

d. ঘ) শওকত আলী

Explanation:
উত্তর: ‘ঢেউ’ গল্পগ্রন্থটি শামসুদ্দীন আবুল কালাম রচিত রচনা । - তাঁর উল্লেখযোগ্য কয়েকটি গল্পগ্রন্থের নাম: অনেক দিনের আশা, পথ জানা নাই, দুই হৃদয়ের তীর, শাহের বানু, পুঁই ডালিমের কাব্য।

42.‘ফোকলরচর্চা’- কি ধরনের রচনা?

a. ক) কাব্যগ্রন্থ

b. খ) প্রবন্ধগ্রন্থ

c. গ) রম্য-রচনা

d. ঘ) শিশু-সাহিত্য

Explanation:
উত্তর: ‘ফোকলরচর্চা’ শামসুজ্জামান খান রচিত প্রবন্ধগ্রন্থ।

43.'বাবুলের বেড়ে ওঠা' - কী ধরণের রচনা?

a. ক) গল্প

b. খ) ছোটদের গল্প

c. গ) ছোটদের উপন্যাস

d. ঘ) অনুবাদ

Explanation: উত্তর: 'বাবুলের বেড়ে ওঠা'- সিরাজুল ইসলাম চৌধুরী রচিত ছোটদের উপন্যাস। • সিরাজুল ইসলাম চৌধুরী ১৯৩৬ সালের ২৩ জুন বিক্রমপুরের বাড়ৈখালিতে জন্মগ্রহণ করেন। তিনি মূলত প্রাবন্ধিক ও অধ্যাপক। তাঁর প্রকাশিত প্রধান গ্রন্থগুলো:প্রবন্ধ-গবেষণা:- আরণ্যক দৃশ্যাবলী - অনতিক্রান্ত বৃত্ত- শরৎচন্দ্র ও সামন্তবাদ- বঙ্কিমচন্দ্রের জমিদার ও কৃষক - স্বাধীনতা ও সংস্কৃতি ঊনবিংশ শতাব্দীর বাংলা গদ্যের সামাজিক ব্যাকরণ - বাঙালি কাকের বলি- বাঙালিকে কে বাঁচাবে- বৃত্তের ভাঙা-গড়া- নেতা জনতা ও রাজনীতি- ভয় পেয়ো না, বেঁচে আছি- বাঙালীর জাতীয়তাবাদ- গণতন্ত্রের সন্ধানেগল্প:- ভালো মানুষের জগৎছোটদের উপন্যাস :- বাবুলের বেড়ে ওঠাছোটদের গল্প:- দরজাটা খোলোঅনুবাদ:- এ্যারিস্টটলের কাব্যতত্ত্ব - ইবসেনের বুনো হাঁস- হাউসম্যানের কাব্যের স্বভাব

44.'দিয়েছিলে সকল আকাশ' - এর রচয়িতা কে?

a. ক) শহীদুল্লাহ কায়সার

b. খ) রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

c. গ) সৈয়দ আলী আহসান

d. ঘ) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী

Explanation:
উত্তর: 'দিয়েছিলে সকল আকাশ' এর রচয়িতা রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ। - এটি তাঁর রচিত কাব্যগ্রন্থের মধ্যে একটি। - তাঁর রচিত কাব্যগ্রন্থ সমূহ: ছোবল, দিয়েছিলে সকল আকাশ, মৌলিক মুখোশ, একগ্লাস অন্ধকার।

45.'অবিশ্বাস্য' উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) সৈয়দ শামসুল হক

b. খ) সৈয়দ মুজতবা আলী

c. গ) সৈয়দ ওয়ালীউল্লাহ্

d. ঘ) হাসান হাফিজুর রহমান

Explanation: উত্তর: 'অবিশ্বাস্য' উপন্যাসটির রচয়িতা - সৈয়দ মুজতবা আলী• সৈয়দ মুজতবা আলী ১৯০৪ খ্রিষ্টাব্দের ১৩ই সেপ্টেম্বর পিতার (সাবরেজিস্টার) অর্মস্থল তৎকালীন শ্রীহট্ট অর্থাৎ আজকের সিলেট এ জন্মগ্রহণ করেনতাঁর রচিত গ্রন্থসমূহ:উপন্যাস :- অবিশ্বাস্য- শবনমরম্য-রচনা:- পঞ্চতন্ত্র- ময়ূরকণ্ঠীছোটগল্পগ্রন্থ:- চাচা-কাহিনী- টুনি মেম

46.'কাঞ্চন মালা' উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) হরপ্রসাদ শাস্ত্রী

b. খ) সোমেন চন্দ

c. গ) সৈয়দ মুজতবা আলী

d. ঘ) সৈয়দ আলী আহসান

Explanation:
উত্তর: 'কাঞ্চন মালা' উপন্যাসটির রচয়িতা - হরপ্রসাদ শাস্ত্রী।
তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ: বাল্মীকির জয়, মেঘদূত, কাঞ্চন মালা (উপন্যাস), বেণের মেয়ে (উপন্যাস), প্রাচীন বাংলার গৌরব, বৌদ্ধধর্ম।

47.'তাহারেই পড়ে মনে' কবিতাটি লেখা কোন ছন্দে?

a. ক) মাত্রাবৃত্ত ছন্দে

b. খ) স্বরবৃত্ত ছন্দে

c. গ) অক্ষরবৃত্ত ছন্দে

d. ঘ) গদ্য ছন্দে

Explanation:
উত্তর: 'তাহারেই পড়ে মনে' কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে লেখা।
- 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রথম প্রকাশিত হয় মাসিক 'মোহাম্মদী' পত্রিকায়। - কবিতার বক্তব্য: কবিজীবনের খ্যাতির অন্তরালে বেদনাকে স্মরণ।

48.'রূপান্তর' নাটকের রচয়িতা কে?

a. ক) নরেন বিশ্বাস

b. খ) নির্মলেন্দু গুণ

c. গ) নুরুল মোমেন

d. ঘ) ইমদাদুল হক

Explanation:
উত্তর: 'রূপান্তর' নাটকের রচয়িতা নুরুল মোমেন। - নুরুল মোমেনের প্রথম নাটক রূপান্তর।

49.'গিনিপিগ' কী জাতীয় রচনা?

a. ক) নাটক

b. খ) উপন্যাস

c. গ) কাব্য

d. ঘ) প্রবন্ধ

Explanation:
উত্তর: নাটক। - 'গিনিপিগ' নাটকের রচয়িতা হলেন মামুনুর রশীদ। - তাঁর রচিত নাটক: ওরা কদম আলী, ওরা আছে বলেই, মে দিবস, ইবলিশ, এখানে নোঙর, সমতট, পাথর, লেবেদেফ ইত্যাদি।

50.'অবরোধ' নাটকটি রচনা করেন -

a. ক) বন্দে আলী মিয়া

b. খ) প্রেমেন্দ্র মিত্র

c. গ) বিজন ভট্টাচার্য

d. ঘ) মামুনুর রশিদ

Explanation:
উত্তর: বিজন ভট্টাচার্য রচিত 'অবরোধ' হচ্ছে নাটক। - বিজন ভট্টাচার্য নবনাট্য আন্দোলনের প্রধান পুরোহিত ছিলেন। - এই আন্দোলনকে 'থার্ড থিয়েটার' নামেও অভিহিত করা হয়।ন। - ১৯৪৬ সালের দাঙ্গার পটভূমিকায় তিনি রচনা করেন জীয়নকন্যা নাটক। - তাঁর রচিত বিখ্যাত নাটক: নবান্ন, জনপদ, কলঙ্ক, মরাচাঁদ, অবরোধ, গোত্রান্তর ইত্যাদি।

51.'আরো দুটি মৃত্যু' কোন ধরনের গ্রন্থ?

a. ক) কাব্য

b. খ) প্রবন্ধ

c. গ) গল্প

d. ঘ) উপন্যাস

Explanation:
উত্তর: 'আরো দুটি মৃত্যু' হাসান হাফিজুর রহমান রচিত একটি গল্পগ্রন্থ। হাসান হাফিজুর রহমানের ১৯৩২ সালের ১৪ জুন জামালপুর শহরে মাতুলালয়ে তাঁর জন্ম। - ১৯৫২ সালে সাপ্তাহিক বেগম পত্রিকায় সহকারী সম্পাদক হিসেবে তিনি কর্মজীবন শুরু করেন। - ১৯৫৩ সালে তাঁর সম্পাদনায় প্রকাশিত হয় ভাষা আন্দোলনের ওপর প্রথম সংকলন গ্রন্থ 'একুশে ফেব্রুয়ারী'। - হাসান হাফিজুর রহমানের সম্পাদনায় ১৬ খন্ডে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ: দলিলপত্র (১৯৮২-৮৩) প্রকাশিত হয়। তাঁর রচিত গ্রন্থ:

কাব্যগ্রন্থ: বিমুখ প্রান্তর, সীমান্ত শিবিরে, আর্ত শব্দাবলী, যখন উদ্যত সঙ্গীন, দক্ষিণের জানালা, প্রতিবিম্ব, শোকার্ত তরবারী। প্রবন্ধ: - আধুনিক কবি ও কবিতা, মূল্যবোধের জন্যে, সাহিত্য প্রসঙ্গ।

52.'গঙ্গা' উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) সমরেশ বসু

b. খ) অন্নদাশঙ্কর রায়

c. গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

d. ঘ) সত্যজিৎ রায়

Explanation:
উত্তর: 'গঙ্গা' উপন্যাসটির রচয়িতা সমরেশ বসু। - 'গঙ্গা' উপন্যাসটি সমরেশ বসুর অন্যতম শ্রেষ্ঠ রচনা। - গঙ্গার পটভূমি একটাই, জল-জাল-জেলে; বিশেষত অবিভক্ত ২৪ পরগনা জেলার মৎস্যজীবী সম্প্রদায়ের (মাছমারা) জীবনসংগ্রামের কাহিনি। - তাঁর অন্যান্য উপন্যাস হলো: উত্তরঙ্গ, জগদ্দল, বিবর, অমৃত কুম্ভের সন্ধানে, প্রজাপতি।

53.'মোটর যোগে রাঁচী সফর' -ভ্রমণকাহিনীর রচয়িতা কে?

a. ক) এস ওয়াজেদ আলী

b. খ) কাজী আবদুল ওদুদ

c. গ) ইবরাহীম খাঁ

d. ঘ) আহমদ শরীফ

Explanation:
উত্তর: 'মোটর যোগে রাঁচী সফর’ ভ্রমণকাহিনীর রচয়িতা এস ওয়াজেদ আলী। এস ওয়াজেদ আলীর উল্লেখযোগ্য সাহিত্যকর্মের মধ্যে রয়েছে:

• প্রবন্ধ: জীবনের শিল্প, প্রাচ্য ও প্রতীচ্য, ভবিষ্যতের বাঙালী, আকবরের রাষ্ট্র সাধনা, মুসলিম সংস্কৃতির আদর্শ।

• গল্প: গুলদাস্তা, মাশুকের দরবার, বাদশাহী গল্প, গল্পের মজলিশ।

• উপন্যাস: গ্রানাডার শেষ বীর।

• ভ্রমণকাহিনী: পশ্চিম ভারত, মোটর যোগে রাঁচী সফর প্রভৃতি।

54.'কবিতা মুকুল' পুস্তকটির রচয়িতা কে?

a. ক) কামিনী রায়

b. খ) কুসুমকুমারী দাশ

c. গ) কায়কোবাদ

d. ঘ) কৃষ্ণচন্দ্র মজুমদার

Explanation:
উত্তর: কুসুমকুমারী দাশ শিশুদের জন্য রচনা করেন 'কবিতা-মুকুল'।

55.'দু রঙা প্রজাপতি'- রচনার রচয়িতা কে?

a. ক) আলাউদ্দিন আল আজাদ

b. খ) আবু জাফর শামসুদ্দীন

c. গ) অদ্বৈত মল্লবর্মণ

d. ঘ) আনোয়ার পাশা

Explanation:
উত্তর: অদ্বৈত মল্লবর্মণ। - চল্লিশের দশকে মানিক বন্দ্যোপাধ্যায়, বুদ্ধদেব বসু প্রমুখ সম্পাদিত ‘এক পয়সায় একটি’ শীর্ষক ধারাবাহিকে লিখে তিনি পাঠকসমাজে বিশেষ পরিচিতি লাভ করেন। - তাঁর একমাত্র উপন্যাস তিতাস একটি নদীর নাম ।
- এ ছাড়াও, নয়া বসত, রামধনু, দু রঙা প্রজাপতি, সাদা হাওয়া, দলবেঁধে, সাগরতীর্থে, রাঙামাটি ইত্যাদি তাঁর উল্লেখযোগ্য রচনা।

56.'দুই হৃদয়ের তীর' - গল্পগ্রন্থের রচয়িতা কে?

a. ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

b. খ) শওকত ওসমান

c. গ) শওকত আলী

d. ঘ) শামসুদ্দীন আবুল কালাম

Explanation:
উত্তর: 'দুই হৃদয়ের তীর' গল্পগ্রন্থটি 'শামসুদ্‌দীন আবুল কালাম' রচিত। তাঁর উল্লেখযোগ্য কয়েকটি গল্পগ্রন্থের নাম: অনেক দিনের আশা, ঢেউ, পথ জানা নাই, দুই হৃদয়ের তীর, শাহের বানু, পুঁই ডালিমের কাব্য।

57.'কালো হাওয়া' উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) অমিয় চক্রবর্তী

b. খ) শওকত ওসমান

c. গ) মানিক বন্দ্যোপাধ্যায়

d. ঘ) বুদ্ধদেব বসু

Explanation:
উত্তর: বুদ্ধদেব বসু। বুদ্ধদেবের উপন্যাস: তিথিডোর, সাড়া, সানন্দা, লালমেঘ, পরিক্রমা, কালো হাওয়া, নির্জন স্বাক্ষর, নীলাঞ্জনার খাতা ইত্যাদি।

58.'বাংলা কাব্যের ইতিহাস' - প্রবন্ধের রচয়িতা কে?

a. ক) আবদুল কাদির

b. খ) আবুল হুসেন

c. গ) আবদুল্লাহ আল মামুন

d. ঘ) মোতাহের হোসেন চৌধুরী

Explanation:
উত্তর: আবদুল কাদির। - মুসলিম সাহিত্য সমাজের (১৯২৬) মাধ্যমে ঢাকায় যে বুদ্ধির মুক্তি আন্দোলন সংঘটিত হয়, আবদুল কাদির ছিলেন তার অন্যতম উদ্যোক্তা। - সংগঠনের মুখপত্র বার্ষিক শিখা (১৯২৭) পত্রিকার তিনি প্রকাশক ও লেখক ছিলেন। তাঁর প্রবন্ধগ্রন্থ: বাংলা কাব্যের ইতিহাস, কবি নজরুল, কাজী আব্দুল ওদুদ। তাঁর উল্লেখযোগ্য কবিতা: দিলরুবা ও উত্তর বসন্ত।

59.'বাংলার জাগরণ' গ্রন্থটি কার লেখা?

a. ক) কাজী ইমদাদুল হক

b. খ) কাজী আবদুল ওদুদ

c. গ) ইব্রাহীম খাঁ

d. ঘ) আবুল হাসান

Explanation:
উত্তর: কাজী আবদুল ওদুদ। - তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থ মীর পরিবার পাঁচটি গল্পের সংকলন। - নদীবক্ষে ও আজাদ (১৯৪৮) তাঁর দু'টি উপন্যাস। - তাঁর মননশীলতা এবং বৈদগ্ধের প্রকাশ লক্ষ্য করা যায়- শাশ্বত বঙ্গ, বাংলার জাগরণ, কবিগুরু গ্যেটে, কবিগুরু রবীন্দ্রনাথ, হযরত মোহাম্মদ ও ইসলাম গ্রন্থে।

60.'হেমন্ত গোধূলি' কাব্যগ্রন্থের লেখক কে?

a. আহসান হাবীব

b. যতীন্দ্রনাথ সেনগুপ্ত

c. মোহিতলাল মজুমদার

d. বুদ্ধদেব বসু

Explanation:
উত্তর: মোহিতলাল মজুমদার। - মোহিতলাল মজুমদারের সাহিত্যচর্চার শুরু মানসী পত্রিকার মাধ্যমে। - উল্লেখযোগ্য প্রবন্ধ ও সমালোচনা গ্রন্থ হলো: আধুনিক বাংলা সাহিত্য,-কবি শ্রীমধুসূদন, বিচিত্র কথা, সাহিত্য কথা। - কাব্যগ্রন্থ হলো: স্বপন পসারী, বিস্মরনী, হেমন্ত গোধূলি।

61.'জীবন আমার বোন' উপন্যাসটি কার রচনা?

a. মাহমুদুল হক

b. নির্মলেন্দু

c. শওকত আলী

d. শামসুর রাহমান

Explanation:
উত্তর: মাহমুদুল হকের বহুল পঠিত উপন্যাস 'জীবন আমার বোন'। - বরাবরই মধ্যবিত্তের জীবনসংগ্রাম, তাদের দ্বিধাগ্রস্ততা, অপূর্ণতা আর সুবিধাবাদী চরিত্র অসাধারণভাবে এঁকেছেন এই শিল্পী তাঁর প্রতিটি উপন্যাসে। - উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র জাহেদুল করিমের মধ্যবিত্তীয় সুবিধাবাদী মানসিকতার পাশাপাশি

যুদ্ধের নানা বাস্তবতায় নিজের বোঝাপড়াও লেখক তুলে ধরেন পাঠকের সামনে। - তাঁর রচিত অন্যান্য উপন্যাস: কালো বরফ, অনুর পাঠশালা, নিরাপদ তন্দ্রা, অশরীরী, চিক্কোর কাবুল, খেলাঘর, মাটির জাহাজ ইত্যাদি।

62.'পুনর্জন্ম' নাটকটি কার লেখা?

a. ক) আবুল হোসেন

b. খ) মাইকেল মধুসূদন দত্ত

c. গ) দ্বিজেন্দ্রলাল রায়

d. ঘ) মুনীর চৌধুরী

Explanation:
উত্তর: দ্বিজেন্দ্রলাল রায়।

63.'পৃথক পালঙ্ক' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

a. ক) আব্দুল কাদের

b. খ) আহসান হাবীব

c. গ) আহমদ শরীফ

d. ঘ) আবুল হাসান

Explanation:
উত্তর: আবুল হাসান। - তাঁর রচিত কাব্যগ্রন্থ: রাজা যায় রাজা আসে, যে তুমি হরণ করো, পৃথক পালঙ্ক। - তাঁর মৃত্যুর পর প্রকাশিত কাব্যনাট্য ওরা কয়েকজন। - তাঁর প্রকাশিত গল্প সংকলন: 'আবুল হাসান গল্প সংগ্রহ'।

64.'পশ্চিম ভারত' ভ্রমণকাহিনিটির রচয়িতা-

a. ক) ইব্রাহীম খাঁ

b. খ) আবুল মনসুর

c. গ) ঈশ্বরচন্দ্র গুপ্ত

d. ঘ) এস ওয়াজেদ আলী

Explanation:
উত্তর: এস ওয়াজেদ আলি।

65.কাজী ইমদাদুল হক রচিত 'নবীকাহিনী' কী ধরণের গ্রন্থ?

a. ক) উপন্যাস

b. খ) প্রবন্ধ

c. গ) কাব্যগ্রন্থ

d. ঘ) শিশুতোষ গ্রন্থ

Explanation:
উত্তর: শিশুতোষ গ্রন্থ।

66.নিচের কোনটি বুদ্ধদেব বসু রচিত অনুবাদ কাব্য?

a. ক) হাওয়া বদল

b. খ) সাহিত্য চর্চা

c. গ) সানন্দা

d. ঘ) কালিদাসের মেঘদূত

Explanation:
উত্তর: কালিদাসের মেঘদূত। বুদ্ধদেব বসুর অনুবাদ কাব্য: কালিদাসের মেঘদূত, বোদলেয়ার।

67.'আজ কাল পরশুর গল্প' ছোটগল্পগ্রন্থটি লিখেছেন-

a. ক) মানিক বন্দ্যোপাধ্যায়

b. খ) রবীন্দ্রনাথ ঠাকুর

c. গ) কাজী নজরুল ইসলাম

d. ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Explanation:
উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়। - তাঁর উল্লেখযোগ্য কয়েকটি ছোটগল্প: অতসী মামী ও অন্যান্য গল্প, প্রাগৈতিহাসিক, সরীসৃপ, সমুদ্রের স্বাদ, হলুদ পোড়া, আজ কাল পরশুর গল্প, ফেরিওয়ালা ইত্যাদি।

68.'চন্দ্রগুপ্ত' নাটকের রচয়িতা-

a. দাউদ হায়দার

b. দ্বিজেন্দ্রলাল রায়

c. দীনেশচন্দ্র সেন

d. দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার

Explanation:
উত্তর: 'চন্দ্রগুপ্ত' নাটকটির রচয়িতা 'দ্বিজেন্দ্রলাল রায়'। - গ্রিক- ভারতীয় সম্পর্কের ইতিহাসের একটি বিশেষ মুহূর্তকে নেই নাটকের পটভূমি করা হয়েছে। - এই নাটকের কেন্দ্রীয় চরিত্র চাণক্য।

69.'ঘরে ফেরার দিন' কাব্যগ্রন্থের রচয়িতা-

a. ক) অন্নদাশংকর রায়

b. খ) অমিয় চক্রবর্তী

c. গ) অদ্বৈত মল্লবর্মণ

d. ঘ) বুদ্ধদেব বসু

Explanation:
উত্তর: অমিয় চক্রবর্তী।

- তাঁর অন্যান্য কাব্যগ্রন্থ: উপহার, খসড়া, এক মুঠো, মাটির দেয়াল, অভিজ্ঞান বসন্ত, পারাপার, পালাবদল, ঘরে ফেরার দিন, হারানো অর্কিড, পুষ্পিত ইমেজ, অমরাবতী, অনিঃশেষ, নতুন কবিতা ইত্যাদি।

70.'বিজ্ঞান ও মানুষ' গ্রন্থটির রচয়িতা কে?

a. ক) মোহাম্মদ লুৎফর রহমান

b. খ) আবদুল্লাহ আল মামুন

c. গ) আবু হেনা মোস্তফা কামাল

d. ঘ) আবদুল্লাহ আল-মুতী

Explanation:
উত্তর: আবদুল্লাহ আল-মুতী। - আবদুল্লাহ আল-মুতী বাংলা সাহিত্যে বিজ্ঞান লেখক হিসেবে পরিচিত। - তিনি ‘মুকুল’ নামে ছোটদের ম্যাগাজিনের সম্পাদনার দায়িত্ব পালন করেছেন। - তিনি এদেশে বিজ্ঞানকে ছোটদের মধ্যে জনপ্রিয় করার পথিকৃৎ। - আবদুল্লাহ আল-মুতী প্রকাশিত প্রথম বইয়ের নাম ‘এসো

বিজ্ঞানের রাজ্যে' (১৯৫৫)। - তার রচিত উল্লেখযোগ্য বইগুলো মধ্যে রয়েছে: বিজ্ঞান ও মানুষ, এ যুগের বিজ্ঞান, বিপন্ন পরিবেশ, বিজ্ঞান-জিজ্ঞাসা, সাগরের রহস্যপুরী, মেঘ বৃষ্টি রোদ, পরিবেশের সংকট ঘনিয়ে আসছে, তারার দেশের হাতছানি।

71.'উহ্যমান পণ্ডিত' কার ছদ্মনাম?

a. বিজয় গুপ্ত

b. সত্যজিৎ রায়

c. সুকুমার রায়

d. মালাধর বসু

Explanation:
উত্তর: সুকুমার রায়।

ব্যাখ্যা:
- সুকুমার রায়ের ছদ্মনাম উহ্যমান পণ্ডিত।

- সুকুমার রায় রচিত শিশুতোষ গ্রন্থ: আবোল-তাবোল, হ-য-ব-র-ল, পাগলা দাশু, বহুরূপী, খাইখাই। 'অতীতের কথা' সুকুমার একটি কাব্য।

- 'হেসোরামের ডাইরি' তার রচিত একটি অপ্রকাশিত রম্যরচনা।

72.'শিকওয়াহ ও জওয়াব-ই শিকওয়াহ' গ্রন্থটির রচয়িতা কে?

a. ড. মুহম্মদ শহীদুল্লাহ

b. ড. আল্লামা ইকবাল

c. ইব্রাহীম খাঁ

d. কাজী আবদুল ওদুদ

Explanation:
উত্তর: ড. আল্লামা ইকবাল।

73.মুক্তিযুদ্ধ: আগে ও পরে' গ্রন্থের রচয়িতা কে?

a. শাহরিয়ার কবির

b. সেলিনা হোসেন

c. পান্না কায়সার

d. সালমা হোসেন

Explanation:
উত্তর: পান্না কায়সার।

74.'সঞ্চরণ' কার প্রবন্ধ সংকলন?

a. কাজী মোতাহার হোসেন

b. মোতাহের হোসেন চৌধুরী

c. কাজী আবদুল ওদুদ

d. কাজী আনোয়ারুল কাদির

Explanation:
উত্তর: কাজী মোতাহার হোসেন।

ব্যাখ্যা:
- কাজী মোতাহার হোসেন বাংলা একাডেমির প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন।

- তিনি উপমহাদেশের শ্রেষ্ঠ দাবাড়ু ছিলেন।

- তার রচিত প্রবন্ধ: সঞ্চরণ, নজরুল কাব্য পরিচিতি, সেই পথ লক্ষ্য করে, গণিত শাস্ত্রের ইতিহাস, আলোকবিজ্ঞান, সিম্পোজিয়াম।

75.'প্রাচ্য ও প্রতীচ্য' গ্রন্থের রচয়িতা কে?

a. এস ওয়াজেদ আলী

b. মোহাম্মদ এয়াকুব আলী চৌধুরী

c. মাহবুব-উল-আলম

d. মুহম্মদ আবদুল হাই

Explanation:
উত্তর: এস ওয়াজেদ আলী। - এস. ওয়াজেদ আলী রচিত প্রবন্ধ: অতীতের বোঝা, জীবনের গল্প, প্রাচ্য ও প্রতীচ্য, ভবিষ্যতের বাঙ্গালী, আকবরের রাষ্ট্রসাধনা, মুসলিম সংস্কৃতির আদর্শ, ইকবালের পয়গাম। - গল্প: গুলদাস্তা, মাশুকের দরবার, বাদশাহী গল্প, গল্পের মজলিস। - উপন্যাস: গ্রানাডার শেষ বীর। - ভ্রমণকাহিনী: পশ্চিম ভারত, মোটরযোগে রাঁচী সফর।

76.'আদর্শ ছেলে' কোন কবির লেখা কবিতা?

a. কুসুম কুমারী দাশ

b. সুফিয়া কামাল

c. স্বর্ণকুমারী দেবী

d. কামিনী রায়

Explanation:
উত্তর: কুসুম কুমারী দাশ। - কুসুমকুমারী দাশ ১৮৮২ সালের ৪ জানুয়ারি বরিশালে জন্মগ্রহণ করেন। - এক প্রবন্ধ প্রতিযোগিতায় 'নারীত্বের আদর্শ' শিরোনামে প্রবন্ধ লিখে স্বর্ণপদক লাভ করেন। - কবিতা মুকুল শিশুদের জন্য রচিত পুস্তক। - বিখ্যাত কবিতা: আদর্শ ছেলে (আমাদের দেশে হবে সেই ছেলে কবে...)

- গদ্যগ্রন্থ: পৌরাণিক আখ্যায়িকা। - ডায়রী: দৈনন্দিন দিনলিপি'।

77.'নিষিদ্ধ সম্পাদকীয়' কবিতার কবি কে?

a. সৈয়দ শামসুল হক

b. হেলাল হাফিজ

c. দাউদ হায়দার

d. তসলিমা নাসরীন

Explanation:
উত্তর: হেলাল হাফিজ। হেলাল হাফিজের বিখ্যাত কবিতা 'নিষিদ্ধ সম্পাদকীয়' ১৯৬৯ এর গণঅভ্যুত্থানের সময় লেখা। হেলাল হাফিজ রচিত কাব্য: যে জলে আগুন জ্বলে, কবিতা একাত্তর।

78.‘প্রদোষে প্রাকৃতজন' উপন্যাসের পটভূমি কী?

a. একাদশ শতকের বাংলা

b. চতুর্দশ শতকের বাংলা

c. দ্বাদশ শতকের বাংলা

d. পঞ্চদশ শতকের বাংলা

Explanation:
উত্তর: দ্বাদশ শতকের বাংলা।

79.‘লালকেল্লা' গ্রন্থের লেখক কে?

a. প্যারীচাঁদ মিত্র

b. প্রমথ চৌধুরী

c. প্রমথনাথ বিশি

d. অন্নদাশঙ্কর রায়

Explanation:
উত্তর: প্রমথনাথ বিশি।

80.‘কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে’ কার লেখা?

a. ঈশ্বরচন্দ্র গুপ্ত

b. কামিনী রায়

c. যতীন্দ্রমোহন বাগচী

d. কৃষ্ণচন্দ্র মজুমদার

Explanation:
উত্তর: কৃষ্ণচন্দ্র মজুমদার।

ব্যাখ্যা:
- কৃষ্ণচন্দ্র মজুমদারের আরো কিছু উদ্ধৃতি:
- "কেন পান্থ! ক্ষান্ত হও হেরে দীর্ঘ পথ?"

- "যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি"।

- "চিরসুখীজন ভ্রমে কি কখন, ব্যথিতবেদন বুঝিতে পারে"।

81.কোনটি পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত উপন্যাস?

a. অশনি সংকেত

b. অসাধু সিদ্ধার্থ

c. অগ্নি

d. দাঙ্গ

Explanation:
উত্তর: অশনি সংকেত।

ব্যাখ্যা:
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ১৮৯৪ সালের ১২ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের চব্বিশ পরগণা জেলার ঘোষপাড়া-মুরারিপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

- তার লিখা 'অশনি সংকেত' উপন্যাসটি ২য় বিশ্বযুদ্ধের ফলে সৃষ্ট পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত।

- এ উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় চলচ্চিত্র নির্মাণ করেন।

- এ চলচ্চিত্রে অভিনয়ের জন্য বাংলাদেশের চিত্রনায়িকা ববিতাকে চলচ্চিত্রে ডক্টরেট ডিগ্রি দেওয়া হয়।

82.কবিদের সংগঠন পদাবলী'র সম্পাদক ছিলেন কে?

a. শহীদুল জহির

b. অলি মাহমুদ

c. মাহমুদুল হক

d. শামসুর রাহমান

Explanation:
উত্তর: মাহমুদুল হক।

- ডাকনাম ছিল বটু।

- শিক্ষক শহীদ সাবের এর অনুপ্রেরণায় "অগ্রগামী' নামে একটি হাতে লেখা পত্রিকা প্রকাশ করেন।

- উল্লেখযোগ্য উপন্যাস: কালো বরফ, জীবন আমার বোন, খেলাঘর, মাটির জাহাজ।

- উল্লেখযোগ্য গল্পগ্রন্থ: কাল মাফলার, প্রতিদিন একটি পাখি, হৈরব ও ভৈরব।

83.'হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে,সিংহল সমুদ্র থেকে নিশীথের অন্ধকারে মালয় সাগরেঅনেক ঘুরেছি আমি' উক্তিটির রচয়িতা-

a. ক) জীবনানন্দ দাশ

b. খ) দাউদ হায়দার

c. গ) দ্বিজেন্দ্রলাল রায়

d. ঘ) জসীমউদদীন

Explanation:
উত্তর: জীবনানন্দ দাশ।

84.রৈবতক, কুরুক্ষেত্র, প্রভাস কাব্যত্রয়ের নায়ক কে?

a. ক) শ্রীকৃষ্ণ

b. খ) রাম

c. গ) অর্জুন

d. ঘ) শিব

Explanation: ***ক) শ্রীকৃষ্ণ*** নবীনচন্দ্র সেন রচিত ত্রয়ী কাব্য- - রৈবতক (১৮৮৭), - কুরুক্ষেত্র (১৮৯৩), এবং - প্রভাস (১৮৯৬) - এই তিনটি কাব্যের কাহিনি একই সুতোয় বাঁধা। - এই তিনটি কাব্যের নায়কই শ্রীকৃষ্ণ। - রৈবতক- এ কৃষ্ণের আদি - কুরুক্ষেত্র- এ তাঁর মধ্য - প্রভাস- কৃষ্ণের অন্তর্লীলা বর্ণিত হয়েছে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

85.'ললিতা তথা মানস' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

a. ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

b. খ) রবীন্দ্রনাথ ঠাকুর

c. গ) মাইকেল মধুসূদন দত্ত

d. ঘ) বুদ্ধদেব বসু

Explanation: ***ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়*** 'ললিতা তথা মানস' (১৮৫৬) কাব্যগ্রন্থের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। - এটি তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ। - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ে রচিত প্রথম উপন্যাস রাজমোহনস ওয়াইফ, ইংরেজিতে লেখা। - তাঁর রচিত প্রথম বাংলা উপন্যাস দুর্গেশনন্দিনী, বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস। - 'সাম্য' গদ্যগ্রন্থের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

86.রবীন্দ্রনাথ ঠাকুরকে 'গুরুদেব' উপাধি দেন কে?

a. ব্রহ্মবান্ধব উপাধ্যায়

b. মহাত্মা গান্ধী

c. রাণী ভিক্টোরিয়া

d. ইন্দিরা গান্ধী

Explanation: ***ব্রহ্মবান্ধব উপাধ্যায়** কবিগুরু- ক্ষিতিমোহন সেন। গুরুদেব- মহাত্মা গান্ধী। ভারতের মহাকবি - চীনা কবি চি - সি - লিজন। রবীন্দ্রনাথ ঠাকুর ব্রিটিশ সরকার কর্তৃক নাইটহুড উপাধি লাভ করে - ১৯১৫ সালে এবং নাইটহুড উপাধি ত্যাগ করে - ১৯১৯ সালে ( জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে।

87.'অশনি সংকেত' উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) সত্যজিৎ রায়

b. খ) মানিক বন্দ্যোপাধ্যায়

c. গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

d. ঘ) মীর মোশাররফ হোসেন

Explanation: অশনি সংকেত' উপন্যাসটির রচয়িতা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। - দ্বিতীয় মহাযুদ্ধের বিষময় ফল ১৩৫০ বঙ্গাব্দের দুর্ভিক্ষ। আর এই দুর্ভিক্ষের করাল গ্রাস গ্রাম বাংলায় কিভাবে বিস্তার লাভ করেছে তাঁর নিখুত বর্ণনা লাভ করেছে এই উপন্যাসে। - উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় ১৯৫৯ সালে। - 'অশনি সংকেত' উপন্যাসটির পটভূমি বিভূতিভূষণের নিজ গ্রাম বরাকপুর ও তার পার্শ্ববর্তী অঞ্চল ও বনগ্রাম মহকুমা শহর। - এই উপন্যাসটি সত্যজিৎ রায় একই নামে চলচিত্রে রূপদান করেন।

88.'বিষাদসিন্ধু' কী ধরনের রচনা?

a. আত্মজীবনী

b. ঐতিহাসিক রচনা

c. মহাকাব্য

d. উপন্যাস

Explanation: উত্তর: উপন্যাস। মীর মশাররফ হোসেন রচিতঃ বিষাদসিন্ধু। - এটি একটি ইতিহাস নির্ভর উপন্যাস। - এটি তার শ্রেষ্ঠ উপন্যাস। - উপন্যাসের নায়কঃ এজিদ। - এই উপন্যাসের ৩ টি পর্ব - মহরম পর্ব, উদ্ধার পর্ব, এজিদবধ পর্ব। - একে গদ্য মহাকাব্য ও বলা হয়।

89.মঙ্গলকাব্যকে কী বলা হয়?

a. ক) মধ্যযুগের মহাকাব্য

b. খ) মধ্যযুগের উপন্যাস

c. গ) মধ্যযুগের কাহিনিগদ্য

d. ঘ) মধ্যযুগের রূপকথা

Explanation: - মঙ্গলকাব্যকে মধ্যযুগের উপন্যাস বলা হয়। - প্রায় পাঁচশো বছর ধরে মঙ্গলকাব্য লিখিত হয়েছে। - পনেরো শতকের শেষ ভাগ থেকে আঠারো শতকের শেষার্ধ পর্যন্ত রচিত হয়েছে। - মঙ্গলকাব্য কাহিনি কেন্দ্রিক।

90."এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি- রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।" - পঙক্তিটি কোন কবিতার অন্তর্ভুক্ত?

a. ক) দুই বিঘা জমি

b. খ) কড়ি ও কোমল

c. গ) ক্ষণিকা

d. ঘ) কাহিনী

Explanation: ***ক) দুই বিঘা জমি*** "এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি- রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।" পঙক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'কাহিনী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'দুই বিঘা জমি' কবিতার অন্তর্ভুক্ত। - 'কাহিনী' কাব্যগ্রন্থটি ১৯০০ সালে প্রকাশিত হয়। - পরবর্তীতে 'কথা' কাব্যগ্রন্থের সহযোগে 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থ প্রকাশ পায়। - তিনি ১৩০২ বঙ্গাব্দের ৩১ জ্যৈষ্ঠ 'দুই বিঘা জমি' কবিতাটি রচনা করেন। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

91.রবীন্দ্রনাথ ঠাকুরের Song Offerings গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

a. ক) ১৯১০

b. খ) ১৯১১

c. গ) ১৯১২

d. ঘ) ১৯১৩

Explanation: ***গ) ১৯১২*** রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি অবলম্বনে Song Offerings গ্রন্থটি প্রকাশিত হয় ১৯১২ সালের নভেম্বরে, ইংল্যান্ডে। - 'গীতাঞ্জলি' রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭টি গানের সংকলন। - গানগুলি ১৯০৮ ও ১৯০৯ সালে রচিত এবং ১৯১০ সালে গ্রন্থাকারে প্রকাশিত। - এগুলো সহজ ভাষায়, সাবলীল ছন্দে লিখিত। - 'গীতাঞ্জলি'র গানগুলো মূলত কবিতা। - 'গীতাঞ্জলি'র সম্পূর্ণ অনুবাদ যদিও Song Offerings নয়, তবুও এই গ্রন্থের আধ্যাত্মবাদ, প্রকৃতি, প্রেমযৌথধারায় ইংরেজি গ্রন্থে প্রবাহমান। - Song Offerings এর জন্য রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার অর্জন করে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

92.ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ কোন পত্রিকা সম্পাদনার সাথে যুক্ত ছিলেন না?

a. ক) আঙুর

b. খ) দি পীস

c. গ) সাম্যবাদী

d. ঘ) তকবীর

Explanation: ***গ) সাম্যবাদী*** ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে শহীদুল্লাহ্ বহু মননশীল ও জ্ঞানগর্ভ প্রবন্ধ নানা পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে এবং এ সংক্রান্ত বিভিন্ন পত্র-পত্রিকা তিনি সম্পাদনা করেন। আল এসলাম পত্রিকার সহকারী সম্পাদক (১৯১৫) ও বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকার যুগ্ম সম্পাদক (১৯১৮-২১) হিসেবে তিনি যোগ্যতার পরিচয় দেন। - তাঁরই সম্পাদনা ও প্রকাশনায় মুসলিম বাংলার প্রথম শিশুপত্রিকা আঙুর (১৯২০) আত্মপ্রকাশ করে। - এছাড়াও তিনি ইংরেজি মাসিক পত্রিকা দি পীস (১৯২৩), বাংলা মাসিক সাহিত্য পত্রিকা বঙ্গভূমি (১৯৩৭) এবং পাক্ষিক তকবীর (১৯৪৭) সম্পাদনা করেন। উল্লেখ, সাম্যবাদী পত্রিকার সম্পাদক মোহাম্মদ ওয়াজেদ আলী। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

93.দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি?

a. ক) সধবার একাদশী

b. খ) লীলাবতী

c. গ) কমলে কামিনী

d. ঘ) কোনটিই নয়

Explanation: দীনবন্ধু মিত্র ১৮৩০ সালে পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চৌবেড়িয়া গ্রামে এক দরিদ্র পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। - নীলকর সাহেবদের বীভৎস অত্যাচারে লাঞ্ছিত নীল চাষিদের দুরবস্থা অবলম্বনে রচিত নাটক নীল-দর্পন। - ইংরেজি শিক্ষিত নব্য যুবকদের মদ্যপান ও বারবণিতা সঙ্গকে ব্যঙ্গ করে তাঁর রচিত প্রহসন সধবার একাদশী। - তাঁর জনপ্রিয় কাব্যগুলো: - সুরধুনী কাব্য - দ্বাদশ কবিতা তাঁর রচিত প্রহসন: - বিয়ে পাগলা বুড়ো - সধবার একাদশী তাঁর রচিত নাটকগুলো: - নবীন তপস্বিনী - লীলাবতী - জামাই বারিক - কমলে কামিনী

94.'পূর্বাশা' পত্রিকার সম্পাদক ছিলেন-

a. ক) অজিতকুমার দত্ত

b. খ) প্রেমেন্দ্র মিত্র

c. গ) দীনেশরঞ্জন দাশ

d. ঘ) সঞ্জয় ভট্টাচার্য

Explanation: - পূর্বাশা পত্রিকার সম্পাদক ছিলেন সঞ্জয় ভট্টাচার্য। - এটি ১৯৩২ সালে সঞ্জয় ভট্টাচার্যের সম্পাদনায় কুমিল্লা থেকে প্রথম প্রকাশিত পত্রিকা। - ১৯২৭ সালে ঢাকা থেকে প্রকাশিত হয় মাসিকপত্র প্রগতি। - এই পত্রিকার সম্পাদক ছিলেন বুদ্ধদেব বসু ও অজিতকুমার দত্ত। - কালিকলম সাহিত্য পত্রিকার সম্পাদক ছিলেন প্রেমেন্দ্র মিত্র। - কল্লোল পত্রিকার সম্পাদক ছিলেন দীনেশরঞ্জন দাশ।

95.আবদুল্লাহ' উপন্যাসে সমাজের কোন বিষয়টি চিত্রিত হয়েছে

a. ক) আবদুল্লাহ নামক এক তরুণের জীবন সংগ্রাম

b. খ) কৃষকের জীবনের করুণ চিত্র

c. গ) বাঙালি মুসলমানের অগ্রযাত্রার সম্ভাবনা ও প্রতিবন্ধকতা

d. ঘ) মজুতদারদের শোষণ

Explanation: আবদুল্লাহ' - উপন্যাসটির রচয়িতা কাজী ইমদাদুল হক। - এটি মোসলেম ভারত পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হতো। - ১৯৩৩ সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়। - উপন্যাসটি রচনাকালীন সময়ে তার মৃত্যু হলে কাজী আনোয়ারুল কাদির ইমদাদুল হকের খসড়া অবলম্বন করে অসমাপ্ত উপন্যাসটি সমাপ্ত করেন। - উপন্যাসটিতে চিত্রিত হয়েছে গ্রামীণ মুসলিম সমাজের পিরভক্তি, ধর্মীয় কুসংস্কার, পর্দাপ্রথা, সম্প্রদায়বিদ্বেষ ইত্যাদির বিরুদ্ধে মানবতাবাদী প্রতিবাদ। - শিল্পের বিচারে 'আবদুল্লাহ্' উৎকৃষ্ট উপন্যাস নয়, তবে বাংলার সামাজিক বিবর্তনের, বিশেষ করে বাঙালি মুসলমানের অগ্রযাত্রার সম্ভাবনা ও প্রতিবন্ধকতা সুচারুভাবে ফুটে উঠায় গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব আছে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

96.'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসের চরিত্র কোনটি?

a. ক) জয়গুণ

b. খ) জোহরা

c. গ) শশী

d. ঘ) টুনি

Explanation: সূর্য দীঘল বাড়ী' আবু ইসহাক রচিত একটি সামাজিক উপন্যাস - ১৯৫৫সালে উপন্যাসটি প্রকাশিত হয়। - বাংলাদেশের গ্রাম জীবনের বিশ্বস্ত দলিল এই গ্রন্থ। - বিশ্বযুদ্ধ, দুর্ভিক্ষ, সাম্প্রদায়িক দাঙ্গা, দেশবিভাগ প্রভৃতি পরপর চারটি বড় ঐতিহাসিক ঘটনার পটভূমিতে তিনি রচনা করেন 'সূর্য দীঘল বাড়ী' - জয়গুন এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র। - উপন্যাসের অন্যান্য চরিত্র: হাসু, মায়মুন, শাফি, ডা. রমেশ চক্রবর্তী, মোরল গদু ইত্যাদি। কথাসাহিত্যিক আবু ইসহাক রচিত অন্যান্য উপন্যাস: - পদ্মার পলিদ্বীপ - জাল গল্পগ্রন্থ: - হারেম - মহাপতঙ্গ উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

97.মেহনতি মানুষের প্রতিবাদ বোবা চরিত্রের মধ্য দিয়ে দেখানো হয়েছে কোন নাটকে?

a. ক) জন্ডিস ও বিবিধ বেলুন

b. খ) নূরুলদীনের সারাজীবন

c. গ) ওরা কদম আলী

d. ঘ) ইবলিশ

Explanation: নাট্যকার মামুনুর রশীদ রচিত নাটক 'ওরা কদম আলী' প্রকাশিত হয় ১৯৭৮ সালে। - এই নাটকের মধ্য দিয়ে নাট্যকার হিসেবে মামুনুর রশীদের আবির্ভাব ঘটে। - শোষিত-নিপীড়িত মানুষের জন্য নাটক লিখতে গিয়ে তিনি নিয়ে আসেন প্রতিবাদ ও প্রতিরোধ চেতনা। - গরিব ও মেহনতি মানুষের ব্যক্তিক প্রতিবাদ সমষ্টিক রূপ কিভাবে পরিগ্রহন করে তা কদম আলী নামক এক বোবা চরিত্রের মধ্য দিয়ে তা দেখানো হয়েছে। মামুনুর রশীদ (জন্ম: ১৯৪৮) এর প্রকাশিত নাটক সমূহ- - ওরা কদম আলী (১৯৭৮) - ওরা আছে বলেই (১৯৮০) - মে দিবস (১৯৮১) - ইবলিশ (১৯৮২) - এখানে নোঙর (১৯৮৬) - গিনিপিগ (১৯৮৫) - সমতট (১৯৯০) - পাথর (১৯৯৩) - লেবেদেফ (১৯৯৭) উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

98.‘দ্রোপদীর শাড়ি’ কোন কবির কাব্য?

a. ক) কাজী নজরুল ইসলাম

b. খ) মাইকেল মধুসূধন দত্ত

c. গ) হুমায়ুন আহমেদ

d. ঘ) বুদ্ধদেব বসু

Explanation: বুদ্ধদেব বসু ১৯০৮ সালে কুমিল্লা জন্মগ্রহণ করেন । - ''প্রগতি'' ও ''কবিতা'' নামে তিনি দুটি পত্রিকা সম্পাদনা করেন। বুদ্ধদেব বসুর রচিত কাব্যগ্রন্থ: - বন্দীর বন্দনা - কঙ্কাবতী - দ্রোপদীর শাড়ি ইত্যাদি উপন্যাস: - তিথিডোর - সানন্দা বুদ্ধদেব বসুর রচিত “হঠাৎ আলোর ঝলকানি” একটি প্রবন্ধ গ্রন্থ। উৎস: লাল নীল দীপাবলি (হুমায়ুন আজাদ) ও বাংলাপিডিয়া।

99.ভাষা প্রকাশ বাঙালা ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা কে?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

c. মুহম্মদ শহীদুল্লাহ

d. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

Explanation: "ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ " - গ্রন্থের রচয়িতা ড.সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তিনি একজন ভাষাবিদ, ভাষাবিজ্ঞানী, গবেষক ও শিক্ষাবিদ। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত কিছু গ্রন্থ- বাংলা ভাষাতত্ত্বের ভূমিকা (১৯২৯), পশ্চিমের যাত্রী (১৯৩৮), ভারতের ভাষা ও ভাষা সমস্যা (১৯৪৪)।

100.নেমেসিস' নাটকের প্রেক্ষাপট কী?

a. ক) ২য় বিশ্বযুদ্ধ

b. খ) ৩য় বিশ্বযুদ্ধ

c. গ) দুর্ভিক্ষ

d. ঘ) দেশভাগ

Explanation: নুরুল মোমেন রচিত শ্রেষ্ঠ নাটক 'নেমেসিস' । - ১৯৩৯-৪৩ সালের ২য় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে নুরুল মোমেন নাটকটি লেখেন ১৯৪৪ সালে। - শনিবারের চিঠি পত্রিকায় নাটকটি প্রকাশিত হয়। - নাটকটি গ্রন্থাকারে প্রকাষ পায় ১৯৪৮ সালে। নাটকের চরিত্র - সুরজিত নন্দী। - একটি মাত্র চরিত্রের মাধ্যমে দীর্ঘ সংলাপের ভিতর দিয়ে পুরো নাট্যকাহিনী বিবৃত হয়েছে যার মধ্যে একটি পরিপূর্ণ ছবি পরিস্ফুট হয়ে ওঠে। ফলে নাটকটি নাট্যামোদীদের কাছে বিশেষভাবে প্রশংসিত হয় এবং এ নাটকের মাধ্যমে তিনি বাংলা নাট্যসাহিত্যে অধিষ্ঠিত হন। নুরুল মোমেন(১৯০৬-১৯৮৯) রচিত অন্যান্য বিখ্যাত নাটক- - যদি এমন হতো (১৯৬০), - নয়া খান্দান (১৯৬২), - আলোছায়া (১৯৬২), - আইনের অন্তরালে (১৯৬৬), - শতকরা আশি (১৯৬৭), - রূপলেখা (১৯৬৯) ও - যেমন ইচ্ছা তেমন (১৯৭০)।

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved